



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০৭২১-৮৬২৪৫০

ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৫১

ই-মেইল : dgmlad1@rakub.org.bd

ওয়েব সাইট : www.rakub.org.bd

ঋণ/অবি-১ সার্কুলার লেটার নং- ০৫/২০১৫

তারিখ : ০৬.০৯.২০১৫

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : খামার ও সেচ যন্ত্রপাতি খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

কৃষি যান্ত্রিকীকরণ প্রসারের ফলে খামার যন্ত্রপাতি বিশেষ করে ট্রাক্টর খাতে ঋণ প্রবাহ দ্রুত বেড়ে যায়। তৎপ্রেক্ষিতে ২০০১ সাল থেকে খামার ও সেচ যন্ত্রপাতি খাতে ঋণ বিতরণ উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পায়। এ ধারা ২০১০ সাল পর্যন্ত অব্যাহত ছিল। পরবর্তীতে এ খাতে ক্রমান্বয়ে পরিপূর্ণতা অবস্থা (saturation) আসতে শুরু করে। ফলশ্রুতিতে ২০১১ সাল থেকে ট্রাক্টর খাতে ঋণ বিতরণ অবস্থা ক্রমান্বয়ে হ্রাস পেতে থাকে। বিশেষ করে এ খাতে ঋণ আদায় পরিস্থিতি আশানুরূপ না হওয়ায় শ্রেণীকৃত ঋণের পরিমাণ উদ্বিগ্নজনকভাবে বেড়ে যায়। ফলে শ্রেণীকৃত ঋণ আদায় পরিস্থিতির উন্নয়নে ট্রাক্টর খাতে শ্রেণীকৃত ঋণের পরিমাণ ২৫% বা তদুর্ধ্ব জোনসমূহকে এ খাতে ঋণ প্রদান বন্ধ রাখাসহ খেলাপি ঋণ আদায় জোরদারকরণের নির্দেশনা দিয়ে ২৮.০৪.২০১৪ তারিখে মাঠ পর্যায়ে পত্র দেয়া হয়।

২। এ নিষেধাজ্ঞার ফলে ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে খামার ও সেচ যন্ত্রপাতি খাতে যথাক্রমে ২.৯১ কোটি ও ০.৭৯ কোটি টাকা ঋণ বিতরণ করা সম্ভব হয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, চলতি ২০১৫-২০১৬ অর্থবছরে এ খাতে ১০.০০ কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। বর্তমানে এ খাতে অনাদায়ী ঋণের পরিমাণ ৩৭.২৭ কোটি টাকা এবং শ্রেণীকৃত ঋণের পরিমাণ ২০.৮৫ কোটি টাকা যা অনাদায়ীর ৫৬%।

৩। এমতপ্রেক্ষিতে উপরোক্ত বর্ণনার আলোকে খামার ও সেচ যন্ত্রপাতি খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন ও খেলাপি ঋণ আদায়ের লক্ষ্যে ২৬.০৮.২০১৫ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ১৮৮তম সভার সুপারিশক্রমে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয় :

- (ক) ট্রাক্টর খাতে ঋণ আদায় জোরদারকরণের জন্য শাখা ও জোনাল কার্যালয়সমূহ ঋণগ্রহীতাদের পৃথক তালিকা প্রস্তুত করে যথাযথ যোগাযোগ, বিশেষ করে ব্যক্তিগত যোগাযোগ ও মনিটরিং করবে। এ খাতের সকল খেলাপি ঋণগ্রহীতার বিরুদ্ধে আগামী ৩১.১০.২০১৫ তারিখের মধ্যে মামলা দায়ের নিশ্চিত করতে হবে।
- (খ) যে সকল জোনে ট্রাক্টর খাতে শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৪০% বা তার নিচে সে সকল জোন এখন থেকে এ খাতে ঋণ বিতরণ করতে পারবে। তবে ট্রাক্টর খাতের খেলাপি সকল ঋণগ্রহীতার বিরুদ্ধে উল্লেখিত ৩১.১০.২০১৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মামলা দায়ের করতে হবে।
- (গ) যে সকল জোনে ট্রাক্টর খাতে শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৪০% এর উর্ধ্ব সে সকল জোন এ খাতে আপাততঃ ঋণ বিতরণ করতে পারবে না। তবে আদায়ের মাধ্যমে শ্রেণীকৃত ঋণের পরিমাণ কমিয়ে ৪০% বা এর নিচে আনতে সক্ষম হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট জোন বিভাগীয় কার্যালয়ের পূর্বানুমোদন গ্রহণ করে এ খাতে ঋণ বিতরণ করতে পারবে।

৪। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত

(খোন্দকার গোলাম মোস্তফা)

উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋণ/অ-১/১৭৫/২০১৫-২০১৬/১৬০(৩৯৫)/৪৯

তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা।
- ১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। অফিস নথি/ মহানথি।

(জগন্নাথ ঘোষ)

সহকারী মহাব্যবস্থাপক